

বাংলাদেশ কাউন্সিল, জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা- ১০০০

পত ৩০ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কাউন্সিল এর জাতীয় কাউন্সিলের ৪৮তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত 'গঠন ও নিয়ম' এবং 'তফসিল-এক' এর নিম্নোক্ত সংশোধনীসমূহ অনুমোদন করা হয়ঃ

প্রস্তাবক	ধারা/ অনুচ্ছেদ	বর্তমানে আছে	সংশোধনী প্রস্তাব	জাতীয় নির্বাহী কমিটির সুপারিশ	জাতীয় কাউন্সিল সভার সিদ্ধান্ত
জনাব শরীফ আহমেদ কামাল জাতীয় উপ কমিশনার (এডাল্ট রিসোর্সেস) বাংলাদেশ কাউন্সিল	গঠন ও নিয়ম ধারা ১৫(র) (পৃষ্ঠা নং-২২) (নতুন সংযোজন প্রস্তাব)	নাই	বাংলাদেশ কাউন্সিল এর বিভিন্ন জাতীয় কমিটির সভাপতিগণ পদাধিকার বলে জাতীয় কাউন্সিলের সদস্য হবেন।	সুপারিশকৃত	অনুমোদিত
২০ তম জাতীয় মান্টিপারপাস ওয়ার্কশপের সুপারিশ	২২৫(ঘ) (২) পৃষ্ঠা-১৩৫	কব কাউন্সিল লিডারের বয়স অন্যান্য বিশ থেকে পঁয়ষট্টি বছর এবং সহকারী কব কাউন্সিল লিডারের বয়স অন্যান্য আঠারো থেকে পঁয়ষট্টি বছরের মধ্যে।	কব কাউন্সিল লিডারের বয়স অন্যান্য বিশ থেকে সত্তর বছর এবং সহকারী কব কাউন্সিল লিডারের বয়স অন্যান্য আঠারো থেকে সত্তর বছর পর্যন্ত।	সুপারিশকৃত	অনুমোদিত
	২২৬(গ) (২) পৃষ্ঠা-১৩৬	কাউন্সিল লিডারের বয়স বিশ থেকে পঁয়ষট্টি বছর এবং সহকারী কাউন্সিল লিডারের ক্ষেত্রে বয়স আঠার থেকে পঁয়ষট্টি বছর।	কাউন্সিল লিডারের বয়স বিশ থেকে সত্তর বছর এবং সহকারী কাউন্সিল লিডারের ক্ষেত্রে বয়স আঠারো থেকে সত্তর বছর।	সুপারিশকৃত	অনুমোদিত
	২২৭(গ) (২) পৃষ্ঠা-১৩৭	রোভার কাউন্সিল লিডারের ক্ষেত্রে বয়স পঁচিশ থেকে পঁয়ষট্টি বছর এবং সহকারী রোভার কাউন্সিল লিডারের ক্ষেত্রে বয়স একুশ থেকে পঁয়ষট্টি বছর।	রোভার কাউন্সিল লিডারের ক্ষেত্রে বয়স পঁচিশ থেকে সত্তর বছর এবং সহকারী রোভার কাউন্সিল লিডারের ক্ষেত্রে বয়স একুশ থেকে সত্তর বছর।	সুপারিশকৃত	অনুমোদিত
	২৩৯(৫) পৃষ্ঠা-১৪৩	কমিশনার পদে নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা হবে পঁয়ষট্টি বছর। তবে বিশেষ ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।	কমিশনার পদে নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা হবে সত্তর বছর। তবে বিশেষ ক্ষেত্রে এ বয়সসীমা শিথিলযোগ্য।	সুপারিশকৃত	অনুমোদিত
	২৪৪(চ) পৃষ্ঠা-১৪৬	ট্রেনিং টিমের সদস্যদের সম্মানীয় দায়িত্বপত্র পঁয়ষট্টি বছর পর্যন্ত নবায়ন করা যাবে। তবে বিশেষ ক্ষেত্রে এ বয়সসীমা শিথিলযোগ্য।	ট্রেনিং টিমের সদস্যদের সম্মানীয় দায়িত্বপত্র সত্তর বছর পর্যন্ত নবায়ন করা যাবে, তবে বিশেষ ক্ষেত্রে এ বয়সসীমা শিথিলযোগ্য।	সুপারিশকৃত	অনুমোদিত

প্রস্তাবক	ধারা/ অনুচ্ছেদ	বর্তমানে আছে	সংশোধনী প্রস্তাব	জাতীয় নির্বাহী কমিটির সুপারিশ	জাতীয় কাউন্সিল সভার সিদ্ধান্ত
গ্রুপ ক্যাপ্টেন কাজী আবদুল মঈন কমিশনার, বাংলাদেশ স্কাউটস এয়ার অঞ্চল	তফসিল-এক প্রথম অংশ (ক) অনুচ্ছেদ ৬.১ (পৃষ্ঠা-১৪) অনুচ্ছেদ ৭.১ (পৃষ্ঠা-১৫) অনুচ্ছেদ ১২.১ (পৃষ্ঠা-২০) অনুচ্ছেদ ১৩.১ (পৃষ্ঠা-২১) অনুচ্ছেদ ১৯.১ (পৃষ্ঠা-২৫) অনুচ্ছেদ ২০.১ (পৃষ্ঠা-২৬) অনুচ্ছেদ ২৮.১ (পৃষ্ঠা-৩১) অনুচ্ছেদ ২৯.১ (পৃষ্ঠা-৩১)	গাঢ় নীল রং এর এয়ার স্কাউট টুপি এবং সাইড ক্যাপ, বামে এয়ার স্কাউট মনোগ্রাম থাকবে সাইড ক্যাপ।	গাঢ় নীল রং-এর সাইড ক্যাপ, বামে এয়ার স্কাউট মনোগ্রাম থাকবে।	সুপারিশকৃত	অনুমোদিত
সম্পাদক বাংলাদেশ স্কাউটস ময়মনসিংহ অঞ্চল	গঠন ও নিয়ম তফসিল-এক ধারা ৪৯(খ) ৯ (পরবর্তী উপধারার ক্রমিকসমূহ ধারাবাহিকভাবে পরিবর্তন হবে)	নেই	৯। ময়মনসিংহ অঞ্চলঃ হালকা হলুদ পটভূমিতে 'মই দেওয়ার' চিত্র, যাতে দুইটি গরুর গলার সাথে দড়ির সাহায্যে মই সংযুক্ত থাকবে। মই এর উপর দন্ডায়মান ও উপবিষ্ট দুইজন কৃষক থাকবে। এর ওপরে বামে "ময়মনসিংহ অঞ্চল" এবং ডানে "BANGLADESH SCOUTS" লেখা মাঝে স্কাউট মনোগ্রাম এবং চতুর্দিকে বেগুনী রংয়ের বেটুনী দেয়া থাকবে।	সুপারিশকৃত	অনুমোদিত

Signature